

মাসিক পাঠ চক্রের প্রতিবেদন

তারিখ	: ১২ এপ্রিল ২০১৮
স্থান	: প্রকল্প কার্যায়, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও
অংশগ্রহনকারী	: যুব এবং ছাত্র-ছাত্রী

ইউরোপিয়ান ইউনিয়ন এবং নেটজ-বাংলাদেশ এর সহযোগীতায় মানব কল্যাণ পরিষদ-এমকেপি “সিভিল সোসাইটি অর্গানাইজেশন স্টেনদেন ডেমোক্রেটিক গভর্নেন্স” প্রকল্পটি ২০১৬ সাল থেকে বাস্তবায়ন করছে। মানব কল্যাণ পরিষদ প্রকল্পের কার্যক্রমকে আরো গতিশীল ও নতুনত্ব আনতে যুব এবং ছাত্র-ছাত্রীদের নিয়ে মাসিক পাঠ চক্র কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত নেয়।

পাঠ চক্রের উদ্দেশ্যঃ

- রিসোর্স সেন্টারকে আরো বেশী গতিশীল।
- অংশগ্রহনকারীদের বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি।
- অংশগ্রহনকারীদের বই পড়ার প্রতি আগ্রহী করে তোলা।
- অংশগ্রহনকারীদের সমাজের প্রতি দায়বদ্ধতা তৈরী।
- যুব সমাজকে মাদক এবং সন্ত্রাস থেকে দূরে রেখে এক্সট্রা কারিকুলাম কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা।
- প্রকল্প কার্যক্রম, লক্ষ্য, উদ্দেশ্য ছড়িয়ে দেয়া।

১২ এপ্রিল ২০১৮ সকাল ১০.৩০ মিনিটে সিএসওএসডিজি প্রকল্প কার্যালয় বালিয়াডাঙ্গী তে মাসিক পাঠ চক্র অনুষ্ঠিত হয়। পাঠ চক্রে বিভিন্ন ২০ জন যুব ও ছাত্র-ছাত্রী অংশগ্রহন করে। পাঠ চক্রের শুরুতে প্রকল্প সমন্বয়কারী মোঃ রাশেদুল আলম স্বাগত বক্তব্য রাখেন এবং প্রকল্প সম্পর্কে বিভিন্ন তথ্য তুলে ধরেন। এরপর পাঠ সমন্বয়কারী মোঃ মঞ্জুরুল তারিক পাঠ চক্রের লক্ষ্য, উদ্দেশ্য তুলে ধরেন। পাঠ চক্রটি সঞ্চালনা করেন এ্যাডভোকেসী এন্ড ইনফরমেশন অফিসার রওশনআরা। পাঠ চক্রে “তথ্য অধিকার আইনের প্রয়োগ” এই বিষয়টির উপর আলোচনা হয়। প্রথমে বিষয়টি নিয়ে চক্রাকারে পাঠ করা হয়। এরপর আলোচ্য বিষয় নিয়ে মুক্ত আলোচনা হয় এবং উপস্থিত সকলে এতে অংশগ্রহন করেন। আলোচনার ফলে আলোচ্য বিষয়ের উপর একটি সারাংশ বের হয়ে আসে এবং সকলে তাতে দক্ষ হয়ে উঠেন বলে মনে করা হয়।

